

এমপিওভুক্তির দাবিতে এমপিওবহির্ভূত শিক্ষকদের মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক >

বেসরকারি এমপিওভুক্ত
শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত
এমপিওবহির্ভূত শিক্ষকদের
এমপিওভুক্ত করার দাবিতে গতকাল
মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে
মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।
এ সময় বক্তব্য দেন নন-এমপিওভুক্ত
বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদের
আহ্বায়ক প্রদীপ চন্দ্র রায়,
সদস্যসচিব আহসানুল আলম,
প্রভাষক মোস্তফা কামাল হায়দার,
হাশেম আলী, আমিনুল ইসলাম,
রুমানা ফারজানা প্রমুখ।
বক্তারা বলেন, 'শিক্ষা মন্ত্রণালয় ২০১১
সালের ১৩ নভেম্বর একটি প্রজ্ঞাপন
জারি করে।* এ প্রজ্ঞাপন ও
সময়াভিত্তিক বিভিন্ন শর্তের কারণে
আমরা চার বছর ধরে এমপিওভুক্তির
সুবিধা থেকে বঞ্চিত। বক্তারা
অবিলম্বে এই প্রজ্ঞাপন বাতিল করে
নন-এমপিওভুক্ত শিক্ষকদের
এমপিওভুক্ত করার জন্য প্রধানমন্ত্রীর
হস্তক্ষেপ কামনা করেন।'